



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘জাতীয় অধ্যাপক এ. এফ. সালাহুউদ্দীন আহমদ: মানুষ ও ইতিহাসবিদ’
শীর্ষক স্মরণসভা অনুষ্ঠিত



‘জাতীয় অধ্যাপক এ. এফ. সালাহুউদ্দীন আহমদ: মানুষ ও ইতিহাসবিদ’ শীর্ষক
স্মরণসভা অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের উদ্যোগে ‘জাতীয় অধ্যাপক এ. এফ. সালাহুউদ্দীন আহমদ : মানুষ ও ইতিহাসবিদ’ শীর্ষক স্মরণসভা আজ (৩০ অক্টোবর-২০১৭, সোমবার, সকাল ১১টায়) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. খোদেজা খাতুন-এর সভাপতিত্বে এবং সহকারী অধ্যাপক আব্দুস সামাদের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, বিশেষ অতিথি হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন বক্তব্য প্রদান করেন।

স্মরণ সভায় ‘সালাহুউদ্দীন আহমদ: মানুষ ও ইতিহাসবিদ’ শীর্ষক মূল প্রবন্ধ পাঠ করেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম। এছাড়াও আলোচক হিসেবে উপস্থিত বক্তব্য প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক মেসবাহ কামাল এবং মিল্টন কুমার দেব। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, দপ্তরের পরিচালক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।